

ধ্বংস ও মানুষ পোড়ানোর সন্ত্রাসের পথ বেছে নিলে আওয়ামী লীগও ঘরে বসে থাকবেনা-নৌপরিবহন প্রতিমন্ত্রী

বোচাগঞ্জ (দিনাজপুর) ৪ নভেম্বর ২০২২


নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বলেছেন, যদি দেশ ধ্বংস ও মানুষ পোড়ানোর সন্ত্রাসের পথ বেছে নেয়া হয়, তাহলে আওয়ামী লীগও ঘরে বসে থাকবেনা। যদি আওয়ামী লীগ বাদ দিয়ে অন্য কোন সরকার আজকে দেশ পরিচালনায় থাকত, তাহলে অনেক আগেই বাংলাদেশ পাকিস্তান হয়ে যেত। লিবিয়া ও সিরিয়া হয়ে যেত। প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা দেশকে রক্ষা করেছেন। কারণে তাঁর ধমনীতে বঙ্গবন্ধুর রক্ত। তিনি দেশের মানুষের কল্যাণের জন্য কাজ করেন। এদেশকে এগিয়ে নেয়ার জন্য কাজ করেন। আসুন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে শান্তিপূর্ণ ও সুন্দর বাংলাদেশকে রক্ষা করি।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বোচাগঞ্জস্থ সেতাবগঞ্জ কামিল মাদ্রাসার জামে মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপন ও নির্মিত একাডেমিক ভবনের উদ্বোধন উপলক্ষে সুধি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

সেতাবগঞ্জ কামিল মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মো. সালাহ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ছন্দা পাল, সেতাবগঞ্জ পৌরসভার মেয়র মো. আসলাম, বোচাগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু সৈয়দ হোসেন, সাধারণ সম্পাদক আফসার আলী এবং শিক্ষা প্রকৌল অধিদফতরের সহকারী প্রকৌশলী রহমত উল্লাহ ওয়াজেদ।

প্রতিমন্ত্রী বলেন, কিছু রাজনৈতিক দল বিশ্বায়নের এ পরিস্থিতিকে পুঁজি করে রাজনীতি করছে। সামনে কঠিন আগামী অপেক্ষা করছে। সেখানে দেশকে সহায়তা করবে; তা না করে রসিকতা করার চেষ্টা করছে। ঘোলা পানিতে মাছ ধরার চেষ্টা করছে। বাংলাদেশের আওয়ামী লীগ সরকার এত দুর্বল সরকার নয়; আওয়ামী লীগ এত দুর্বল নয়। এর আগে অনেক কিছু করেছেন। জ্বালাও পোড়াও করেছেন, কোরআন শরীফ পুড়িয়েছেন, জায়নামাজ পুড়িয়েছেন, চাঁদে পর্যন্ত মানুষ পাঠাইছেন! কোন কাজ হয় নাই। বায়তুল মোকাররম মসজিদে আগুন দিয়েছেন, রামুর বৌদ্ধ বিহারে আগুন দিয়েছেন, মন্দিরে আগুন দিয়েছেন-কোন কাজ হয় নাই। গাড়ি পুড়িয়েছেন, মানুষ পুড়িয়েছেন-কোন কাজ হবেনা।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, আজকে বাংলাদেশকে নিয়ে অনেক ষড়যন্ত্র হচ্ছে। পৃথিবী সৃষ্টির পর থেকে ষড়যন্ত্র হয়েছে। এ ষড়যন্ত্র করেছে ইবলিশ। ইবলিশকে সে ক্ষমতা আল্লাহ দিয়েছেন। ইবলিশ আমাদের মধ্যেই আছে। সমগ্র পৃথিবীতে আজকে অস্তিত্ব। যারা মানবতার বিরুদ্ধে কাজ করে-তারা এগুলো করে। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। ঢাকা, চট্টগ্রাম, দিনাজপুরসহ সারাদেশের যে উন্নয়ন- এটা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশপ্রেম না থাকলে এত ভাল কাজ করা যায়না। তিনি বলেন, ধর্মীয় বিষয় নিয়ে অনেকে আওয়ামী লীগের বিরুদ্ধে অপপ্রচার করে থাকে। অপপ্রচারকারিরা ধর্ম নিয়ে রাজনীতি করে থাকে। ধর্মপ্রাণ মানুষদের বিভ্রান্ত করে থাকে। আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন, মসজিদভিত্তিক শিক্ষা ব্যবস্থা চালু করেন। মাদ্রাসা শিক্ষার কোন স্বীকৃতি ছিলনা। বঙ্গবন্ধু মাদ্রাসা বোর্ড গঠন করে মাদ্রাসা শিক্ষার স্বীকৃতির ব্যবস্থা করেছিলেন। সৌদি আরব থেকে বাংলাদেশের স্বাধীনতার স্বীকৃতি নিয়ে সরাসরি বাংলাদেশীদের হজে যাওয়ার ব্যবস্থা করেছিলেন বঙ্গবন্ধু। তাঁর সময়ে ওআইসির সদস্য হয়েছিল বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে ক্ষমতায় এসে দেশব্যাপি মসজিদভিত্তিক শিক্ষা কার্যক্রম চালু করেছেন। ধর্মীয় শিক্ষাকে প্রাধান্য দিয়েছেন। ২০০১ সালে বিএনপি জামাত ধর্মের নামে জঙ্গিবাদ, শায়খ আব্দুর রহমান ও বাংলা ভাই সৃষ্টি করেছি। আজকে সে অবস্থা নাই। ৬৪ জেলায় ও সকল উপজেলায় মডেল মসজিদ প্রতিষ্ঠা করছেন শেখ হাসিনা। তিনি কওমী মাদ্রাসার স্বীকৃতি দিয়েছেন।


মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪